

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

MRT Line -2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে নারায়ণগঞ্জ পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে গত ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ চতুর্থ প্ল্যাটফর্ম সভা অনুষ্ঠিত হয়েছে। MRT Line-2 এর PPP Research সম্পন্ন হয়েছে। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রিলিমিনারি স্টাডি সম্পন্ন করে মার্চ ২০২২ মাসে খসড়া প্রতিবেদন দাখিল করেছে। খসড়া প্রতিবেদন যাচাই করে দেখা হচ্ছে। MRT Line-2 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কন্সট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) হেক্টর ভূমি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভুক্ত করার প্রস্তাব গত ২৩ জুন ২০২১ তারিখ দাখিল করা হয়েছে।